

প্রকল্পের কার্যক্রমের মাধ্যমে প্রধান প্রধান অর্জন সমূহ:

(১) নীলফামারী জেলার সৈয়দপুর উপজেলার কামারপুকুর ইউনিয়নের মাঝ দিয়ে চলে গেছে রংপুর- সৈয়দপুর মহাসড়ক, কামারপুকুর ইউনিয়ন অংশে এই মহাসড়কে রাজা ফিলিং স্টেশন ও আইয়ুব ফিলিং স্টেশনের মাঝ-মাঝি এথো রিসোর্স কোঃ লিঃ কারখানা ছিল, কারখানায় ফিড প্রস্তুত করার কাচা মাল হিসাবে বিভিন্ন গবাদি পশুর হাড়-হাড়ি সংগ্রহ করে তা গুড়া করে বিভিন্ন ফিড প্রস্তুতকারী কোম্পানীর কাছে সরবরাহ করতো। যার ফলে অত্র এলাকার জনবসতিসহ পরিবেশের মারাত্মক ভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছিল।

সিএসওএসডিজি প্রকল্পের "আলোর দিশারী সুশীল সমাজ সংগঠন", গণগবেষনার মাধ্যমে সমস্যা চিহ্নিত করে তা সমাধানের সিদ্ধান্ত নেয় তথ্য অধিকার আইন-২০০৯ এর মাধ্যমে উপজেলা নির্বাহী কর্মকর্তার অফিসে এ বিষয়ে একটি আবেদন করার। দলের পক্ষে যোগেশ্বর রায় ২৭/০২/১৭ তারিখে আবেদন করেন। আবেদনের উত্তরে উপজেলা নির্বাহী কর্মকর্তা ০৫/০৩/১৭ তারিখে জানান যে, সৈয়দপুর উপজেলার কামারপুকুর ইউনিয়নের হাইওয়ে রাস্তা সংলগ্ন রাজা ফিলিং স্টেশন ও আইয়ুব ফিলিং স্টেশনের মাঝখানে অবস্থিত এথো রিসোর্স কোঃ লিঃ এর হাড়ি ফ্যাক্টরির দুর্গন্ধের বিষয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের সাথে কথা বলেও সত্যতা পাওয়া গেছে। এ ব্যাপারে উক্ত প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী জানান যে, অতিসড়ুর উক্ত প্রতিষ্ঠানটি ঐ স্থান থেকে অন্যত্র সরিয়ে নেয়া হবে"। উপজেলা নির্বাহী কর্মকর্তার উত্তর পাওয়ার একমাসের মধ্যে দেখা গেল হাড় গুড়া করা কারখানা বন্ধ হয়ে গেছে এবং তাদের যন্ত্রপাতি সমূহ অন্যত্র নিয়ে গেছে। এলাকার মানুষ এখন স্বস্থির সাথে নিঃশ্বাস নিচ্ছে।

(২) তথ্য অধিকার আইন ২০০৯ মাধ্যমে পরিবর্তন

নীলফামারী জেলার সৈয়দপুর উপজেলার কামারপুকুর ইউনিয়নের কলাবাগান গ্রামের আলো সুশীল সমাজ সংগঠনের ১৬ ফেব্রুয়ারি ২০১৭ মাসে দলের মাসিক মিটিং অনুষ্ঠিত হয়। উক্ত মিটিংয়ে দলের সদস্যদের মতামতে নানান সমস্যা উঠে আসে। সমস্যাগুলোর মধ্যে হতে অগ্রাধিকরণ করে যে সমস্যাটি বেশি গুরুত্বপায় সরকারি ভাবে দীর্ঘমেয়াদী সেলাই প্রশিক্ষণ এবং প্রশিক্ষণশেষে সরকারিভাবে কোন প্রকার কাজ/ঋণ পাওয়ার ব্যবস্থাকরণ আছে কিনা? বিষয়টির উপর বিস্তারিত আলোচনার পর সৈয়দপুর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার বরাবর আলো সুশীল সমাজ সংগঠনের সহ: সভাপতি জয়শ্রী রানী স্বাক্ষরিত তথ্য অধিকার আইনে আবেদন করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত অনুযায়ী আবেদন করা হয়। উত্তর পাওয়া যায়। সিএসও প্রকল্পের মাধ্যমে সৈয়দপুর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার সাথে সমন্বয় ও সম্পর্ক তৈরি হয়। তিনি বলেন, আপনাদের সিএসও সদস্যদের প্রতি প্রশিক্ষণে নেওয়ার জন্য সার্বিকচেষ্টা করবো। সৈয়দপুর উপজেলার কামারপুকুর ইউনিয়নের ৪ টি সিএসও সংগঠন হতে

চার জন আবেদন করেন। চার জনের ২৩ মার্চ ২০১৭ তারিখে সাক্ষাতকার গ্রহণ করেন মহিলা বিষয়ক কর্মকর্তা এবং ৩০ মার্চ ২০১৭ তারিখে ৩ জন সদস্যকে চূড়ান্ত করে।

(৩) ন্যাশনাল হাউজহোল্ড ডাটা-বেইজ প্রকল্প নিয়োগ:

বোতলাগাড়ী ইউনিয়ন পরিষদের সাথে অ্যাডভোকেসী কার্যক্রমের মাধ্যমে ন্যাশনাল হাউজহোল্ড ডাটা-বেইজ প্রকল্পের সার্ভে কাজে ০২ মার্চ ২০১৭ তারিখে সৈয়দপুর উপজেলার বোতলাগাড়ী ইউনিয়নের জাগরণ সুশীল সমাজ সংগঠনের যুব সদস্য সাথী রানী দাস বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক নিয়োগ প্রাপ্ত হন।